বাংলা ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা।

স্মারক নম্বর খুবি/ বাংলা-৪৮/সাস-০১/২০১৩

তারিখ: ২১.০৭.২০২৬ খ্রি.

নির্বাহী পরিচালক মহোদয়ের দপ্তর
ডাইরি নং : ৮৬
তারিখ : ২৯/৭/২৬
নির্বাহী পরিচালক
পরিচালক
উপপরিচালক
সহকারী পরিচালক (প্র. ও অর্থ)
সহকারী পরিচালক (গ. ও প্র.)
সহকারী পরিচালক (সং. প্রদ. ও বি.)

বরাবর

নির্বাহী পরিচালক
নজরুল ইন্সটিটিউট
ঢাকা

প্রিয় মহোদয়

শুভেচ্ছা নিন।

আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, খুলনা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ থেকে গবেষণা পত্রিকা *সাহিত্যসন্দর্ভ*-এর সপ্তম (৭ম) সংখ্যার মুদ্রণকাজ চলছে এবং অষ্টম (৮ম) সংখ্যার লেখা আহ্বান করা হচ্ছে। *সাহিত্যসন্দর্ভের* এই স্মরণীয় অভিযাত্রায় আপনাদের গঠনমূলক পরামর্শ ও আন্তরিক সহযোগিতা কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি। ***সাহিত্যসন্দর্ভের*** **৮ম সংখ্যা ডিসেম্বর, ২০২৬** প্রকাশের উদ্যোগে অংশগ্রহণের জন্য আপনাকে /আপনাদের আহ্বান জানাচ্ছি। আগ্রহী গবেষকদের নির্ধারিত নিয়ম অনুযায়ী আগামী **৩১, অক্টোবর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে ২ (দুই) কপি পাণ্ডুলিপি ও তার একটি সফ্‌ট কপি (ওয়ার্ডফাইল ও পিডিএফ)** নিম্নোক্ত ঠিকানায় পাঠানোর জন্য অনুরোধ করছি।

ধন্যবাদসহ

**(প্রফেসর ড. মো. দুলাল হোসেন)**
সম্পাদক
*সাহিত্যসন্দর্ভ*
ও
প্রধান
বাংলা বিভাগ
খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা।
ই-মেইল: sahityasandarbha@ban.ku.ac.bd

সংযুক্তি: *সাহিত্যসন্দর্ভ*র লেখকের জন্য অনুসৃতব্য নিয়মাবলি ।

# *সাহিত্যসন্দর্ভ*'র লেখকের জন্য
# অনুসৃতব্য নিয়মাবলি

১. সম্পাদক বরাবর কম্পিউটার কম্পোজকৃত ২ (দুই) কপি পাণ্ডুলিপি প্রেরণ করতে হবে। প্রবন্ধের একটি সফট কপি (একটি এমএস ওয়ার্ড ও একটি পিডিএফ ফাইল) sahityasandarbha@ban.ku.ac.bd আইডিতে ই-মেইল করতে হবে।

২. প্রবন্ধের ভাষা হবে বাংলা। ভাষা-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক অপ্রকাশিত এবং মৌলিক জিজ্ঞাসা (Research Question) ও ফল (Research Result) সংবলিত প্রবন্ধটি ৩০০০ থেকে ৭০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৩. প্রবন্ধের মূলপাঠের প্রারম্ভে অনধিক ২০০ শব্দের (বাংলায় ও ইংরেজি) একটি সারসংক্ষেপ (Abstract) দিতে হবে।

৪. A4 সাইজের কাগজে বাংলায় কম্পিউটার কম্পোজ MS Word এর Sutonny MJ ফন্টে হতে হবে। ফন্ট সাইজ হবে ১৪। ইংরেজি ফন্টের ক্ষেত্রে Time New Roman ব্যবহৃত হবে, ফন্ট সাইজ হবে ১২। উভয় ক্ষেত্রে লাইন স্পেস হবে ১.৫।

৫. প্রবন্ধের প্রারম্ভপৃষ্ঠায় লেখকের নাম ও পদবীর উল্লেখ থাকবে না। একটি স্বতন্ত্র পৃষ্ঠায় প্রবন্ধের শিরোনাম, লেখকের নাম ও পরিচয় লিপিবদ্ধ থাকবে।

৬. বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসৃত হবে। তবে উদ্ধৃতির মূল বানানের পরিবর্তন করা যাবে না। মূলপাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইন বা তার বেশি হলে তা ডানদিকে সরিয়ে পৃথক আন্তর-অনুচ্ছেদে (Block Quot/Indented) উপস্থাপন করতে হবে। কবিতার উদ্ধৃতিতে মূলের পঙ্‌ক্তিবিন্যাস অক্ষুণ্ন থাকবে।

৭. প্রবন্ধের মৌলিকত্ব সম্পর্কে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। যাতে উল্লেখ থাকবে যে, প্রকাশের জন্য জমাকৃত প্রবন্ধ ইতঃপূর্বে কোনোগ্রন্থ বা জার্নালে প্রকাশিত হয়নি বা প্রকাশের জন্য কোথাও জমা প্রদান করা হয়নি। এছাড়া প্রবন্ধের বক্তব্যের সকল দায়িত্ব প্রবন্ধকার বহন করবেন। কুম্ভীলকবৃত্তি প্রমাণিত হলে লেখাটি বাতিল বলে গণ্য হবে।

৮. তথ্যনির্দেশে (শিকাগো পদ্ধতি অনুযায়ী) লেখক বা লেখকগণের পূর্ণ নাম থাকবে। বই ও পত্রিকার উৎস দেখানোর সময় অনুসরণীয় নীতি হলো:

মুহম্মদ শহীদুল্লাহ, *বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত* (ঢাকা: মাওলা ব্রাদাস, ১৯৯৮), পৃ. ৪০।

গ্রন্থের একাধিক লেখক থাকলে তথ্যনির্দেশে সকলের নাম উল্লেখ করতে হবে।

৯. বাংলা বিভাগ, খুলনা বিশ্ববিদ্যালয়ের গবেষণাপত্রিকা *সাহিত্যসন্দর্ভ*'র সম্পাদক বরাবর লেখা প্রকাশের জন্য একটি আবেদন পাঠাতে হবে। আবেদনে অবশ্যই যোগাযোগের জন্য মোবাইল নম্বর, বর্তমান ঠিকানা ও ই-মেইল আইডি দিতে হবে।

১০. রিভিউয়ার কর্তৃক সংশোধন/সংযোজন/বিয়োজনের পরামর্শ থাকলে সম্পাদনা-পর্ষদের প্রদত্ত সময়ের মধ্যে তা সংশোধন/সংযোজন/বিয়োজন করে পাঠাতে হবে।

১১. প্রবন্ধ প্রকাশিত হলে লেখক তাঁর কপি পাবেন। প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোনো পাণ্ডুলিপি ফেরত দেয়া হবে না।

১২. প্রবন্ধ প্রকাশের ক্ষেত্রে সম্পাদনা-পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বিবেচিত হবে।

প্রফেসর ড. মো. দুলাল হোসেন
প্রধান
বাংলা ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়